# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৬৩/শিক্ষা মন্ত্রণালয়/ ৮৬১ তারিখ: ২৮-০৪-২০২৫ খ্রি.

বিষয়: **বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) পরিচালনা পর্ষদ গঠনে নির্দেশনা প্রদান প্রসঙ্গে**

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়- এর পত্র নং- ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.১১৪ তারিখ: ২৭-০৪-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, 'মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর প্রবিধি ৬৪ এর আওতায় অত্র বোর্ডের পত্র নং- ৩৫২/বিদ্যালয়/বিবিধ/৬৭১১ তারিখ: ০২-১২-২০২৪ খ্রি. মোতাবেক যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এডহক কমিটি গঠন করা হয়েছে বা হবে, পুনরাদেশ না দেয়া পর্যন্ত উক্ত এডহক কমিটি কর্তৃক নিয়মিত কমিটি গঠনের কার্যক্রম স্থগিত থাকবে।

এডহক কমিটি 'সভাপতি, শিক্ষক প্রতিনিধি, অভিভাবক প্রতিনিধি ও সদস্য সচিব'-এর সমন্বয়ে ৪ (চার) সদস্য বিশিষ্ট হবে। এডহক কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা স্কুলের ক্ষেত্রে স্নাতক ও কলেজের ক্ষেত্রে স্নাতকোত্তর হবে।

বিষয়টি অতীব জরুরী

28.4.2025

**প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির**
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

সভাপতি/অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

28-04-2025